কোভিড-19 চলাকালীন গর্ভাবস্থা ও নবজাতক-সংক্রান্ত ফলাফল

কোভিড-19 চলাকালীন গর্ভাবস্থা ও নবজাতক-সংক্রান্ত ফলাফল: গর্ভাবস্থায় কোভিড-19 দ্বারা আক্রান্ত মহিলা এবং তাদের নবজাতকদের একটি গ্লোবাল রেজিস্ট্রি, চিকিৎসা এবং প্রতিরোধ সম্পর্কে নির্দেশনা দেওয়ার জন্য প্রাকৃতিক ইতিহাস অনুধাবন

অংশগ্রহণের আমন্ত্রণ

গর্ভাবস্থা চলাকালীন যে সকল মহিলা কোভিড-19-এ আক্রান্ত হয়েছেন বলে সন্দেহ করা হয়েছে বা নিশ্চিতভাবে SARS-CoV-2 (কোভিড-19 যে ভাইরাসের কারণে হয়) দ্বারা সংক্রমিত হয়েছিলেন তাদের গর্ভাবস্থার বিষয়ে তথ্য সংগ্রহ করতে এই গবেষণায় যোগদানের জন্য সম্মতি জানাতে সে সকল মহিলাদের আমরা আমন্ত্রণ জানাচ্ছি। এই ফরমটিতে অংশগ্রহণের লক্ষ্য, ঝুঁকি এবং সুবিধাসহ গবেষণা সম্পর্কিত তথ্য রয়েছে।

এই গবেষণা সম্পর্কে আপনার যা জানা উচিত:

এই গবেষণার উদ্দেশ্য কী? এই গবেষণার উদ্দেশ্য হচ্ছে বিশ্বজুড়ে গর্ভবতী মহিলা এবং শিশুদের মধ্যে কোভিড-19 ও SARS-CoV-2-এর সংক্রমণ সম্পর্কে তথ্য সংগ্রহ করে সেগুলো নিবন্ধিত করা যা বিশ্বব্যাপী স্বাস্থ্যসেবার সাথে সংশ্লিষ্ট পেশাজীবীদের সাথে তথ্য বিনিময় করার জন্য গবেষণাকারী দল ব্যবহার করবে যাতে পেশাজীবীরা প্রদত্ত সেবার উন্নতি করতে পারে। প্রারম্ভিক গর্ভাবস্থা, শিশুর বৃদ্ধি, সময়ের আগেই প্রসব এবং শিশুদের মধ্যে সম্ভাব্য সংক্রমণে কোভিড-19-এর প্রভাব সম্পর্কে আমরা আরও জানতে চাই।

সংগৃহীত তথ্যসমূহ একটি সুরক্ষিত ডাটাবেসে রাখা হবে এবং স্বাস্থ্যসেবার সাথে সংশ্লিষ্ট পেশাজীবীদের জন্য নিয়মিত হালনাগাদকৃত তথ্য প্রস্তুত করার জন্য সেগুলো নামহীনভাবে ব্যবহার করা হবে। এই প্রতিবেদন এবং তথ্যসহ ওয়েবসাইটটি জনসাধারণের জন্য উন্মুক্ত https://pan-covid.org/

কেন আমাকে নির্বাচন করা হয়েছে? অংশগ্রহণ করার জন্য বিবেচনা করতে আপনাকে বেছে নেওয়া হয়েছে কারণ গর্ভাবস্থায় বা তার ঠিক পরে আপনি সম্ভবত বা নিশ্চিতভাবে কোভিড-19-এ আক্রান্ত হয়েছিলেন।

আমাকে কী অংশগ্রহণ করতে হবে? অংশগ্রহণ করবেন কী না সে সম্পর্কে সিদ্ধান্ত নেওয়া সম্পূর্ণরূপে আপনার উপর নির্ভর করে। যদি আপনি অংশগ্রহণের সিদ্ধান্ত নেন তবে এই তথ্য শীটটি সংরক্ষণ করার জন্য আপনাকে দেওয়া হবে। আপনি অংশগ্রহণের সিদ্ধান্ত নেওয়ার পরেও যেকোনো সময় এবং কোনো কারণ ছাড়াই নাম প্রত্যাহার করতে পারেন। যেকোনো সময় নাম প্রত্যাহার করার সিদ্ধান্ত বা অংশগ্রহণ না করার সিদ্ধান্ত নেওয়ার ফলে, আপনার প্রাপ্ত সেবার মান প্রভাবিত হবে না। আপনি যদি অংশগ্রহণ করতে উৎসাহী হন তাহলে আপনার সম্মতি মৌখিকভাবে জানাতে আমরা বলব যা রেকর্ড করা হবে।

যদি আমি অংশগ্রহণ করি তাহলে আমার কী হবে? গবেষণার জন্য সুরক্ষিত ওয়েবসাইটে আপনার গর্ভাবস্থা, প্রসবোত্তর সময়কাল এবং আপনার শিশু সম্পর্কিত তথ্য আপনার স্বাস্থ্যসেবা পেশাজীবী লিখে রাখবেন। **এতে আপনার NHS নম্বর, আপনার শিশুর NHS নম্বর, আপনার ও আপনার শিশুর জন্ম তারিখ, গর্ভাবস্থায় প্রধান তারিখসমূহ এবং আপনার স্বাস্থ্য এবং গর্ভাবস্থার পরবর্তী অবস্থা সম্পর্কে তথ্য অন্তর্ভুক্ত থাকবে। আপনার সাথে আর যোগাযোগ করা হবে না। গর্ভাবস্থা এবং শিশুর বয়স 2 বছর হওয়া পর্যন্ত নিয়মিতভাবে প্রাপ্ত স্বাস্থ্য সম্পর্কিত তথ্যের মাধ্যমে সংগৃহীত ডেটা সংযুক্ত করতে আমরা NHS নম্বর ব্যবহার করব।** আপনার শিশুকে যদি কোনো NHS নবজাতক ইউনিটে ভর্তি করানো হয় তবে UK হেলথ রিসার্চ অথরিটি অনুমোদিত ন্যাশনাল নিওনাটাল রিসার্চ ডাটাবেস থেকে তথ্য সংগ্রহ করা হবে। কোভিড-19 এবং গর্ভাবস্থা সম্পর্কিত নৈতিকভাবে অনুমোদিত অন্যান্য গবেষণা প্রকল্পগুলিতে অংশ নেওয়ার বিষয়ে যোগাযোগ করাতে আপনি ইচ্ছুক কি না সে সম্পর্কেও আমরা আপনাকেও জিজ্ঞাসা করব, এই বিষয়ে আপনার সিদ্ধান্ত PAN-COVID গবেষণায় আপনার অংশগ্রহণকে প্রভাবিত করবে না।

অংশগ্রহণ করার সম্ভাব্য সুবিধাসমূহ কী কী? এই গবেষণায় অংশগ্রহণের জন্য আপনি সরাসরি কোনো সুবিধা লাভ পাবেন না। গর্ভাবস্থায় কোভিড-19-এর আক্রান্ত হওয়া সম্পর্কে দৃষ্টিভঙ্গি আরও উন্নত করতে এবং এই রোগের চিকিৎসা ও প্রতিরোধ ব্যবস্থার উন্নতিসাধন করতে স্বাস্থ্যসেবার সাথে সংশ্লিষ্ট পেশাজীবীদের সহায়তা করার জন্য এই নিবন্ধনে সংগৃহীত তথ্য ব্যবহার করাই আমাদের লক্ষ্য।

অংশগ্রহণ করার সম্ভাব্য ঝুঁকিসমূহ কী কী? যেহেতু গবেষণাতে আমরা শুধুমাত্র তথ্য সংগ্রহ করব, তাই আমাদের পূর্বাভাস অনুসারে অংশগ্রহণ করার ফলে কোনো ঝুঁকি উদ্ভূত হবে না।

গবেষণার ফলাফলগুলো নিয়ে কী করা হবে? এই গবেষণার ফলাফল গবেষণার ওয়েবসাইট, মেডিকেল জার্নালে প্রকাশ করা হবে এবং মেডিকেল সম্মেলনে উপস্থাপন করা হবে। কোনো প্রতিবেদন বা প্রকাশনায় আপনাকে উল্লেখ করা হবে না।

এই গবেষণাটি কারা পরিচালনা এবং অর্থায়ন করছে? এই গবেষণাটি UK মেডিকেল রিসার্চ কাউন্সিল অর্থায়ন করছে

এই গবেষণাটি কারা পর্যালোচনা করেছে? এই গবেষণাটি NHS-এ পরিচালনা করার জন্য হেডক রিসার্চ ইথিকস কমিটি দ্বারা অনুকূল নৈতিক মতামত দেওয়া হয়েছিল।

যদি কোনো ভুল হয়ে যায় তাহলে কী হবে? যদি এই গবেষণা প্রকল্পে অংশগ্রহণের ফলে যদি আপনার কোনো ক্ষতি হয় তাহলে কোনো বিশেষ ক্ষতিপূরণের ব্যবস্থা নেই। যদি কারো অবহেলার কারণে আপনার ক্ষতি হয় তাহলে আইনি পদক্ষেপ গ্রহণের জন্য আপনার কাছে কারণ থাকতে পারে। এগুলো নির্বিশেষে, আপনি যদি এই অভিযোগ দাখিল করতে চান বা এই গবেষণা চলাকালীন আপনার সাথে যেভাবে আচরণ করা হয়েছে সে সম্পর্কে কোনো

উদ্বেগ থাকে তাহলে c.lees@imperial.ac.uk ইমেইল ঠিকানায় যোগাযোগ করে অবিলম্বে তদন্তকারী ক্রিস্টোফ লিসকে জানাতে হবে। সাধারণ জাতীয় স্বাস্থ্যসেবা সংক্রান্ত অভিযোগ দাখিলের পদ্ধতিসমূহও আপনার কাছে রয়েছে

আমরা কীভাবে আপনার এবং আপনার শিশুর তথ্য ব্যবহার করব? ইম্পেরিয়াল কলেজ লন্ডন এই গবেষণার ব্যয়ভার বহন করবে এবং এই গবেষণার তথ্য নিয়ন্ত্রক হিসেবে কাজ করবে। এর অর্থ হচ্ছে আপনার তথ্যের তত্ত্বাবধান এবং এগুলো সঠিকভাবে ব্যবহারের জন্য আমরা দায়বদ্ধ। প্রাথমিক গবেষণামূলক তথ্যের সাথে সম্পর্কিত গবেষণা সমাপ্ত হওয়ার পরে 10 বছরের জন্য ইম্পেরিয়াল কলেজ লন্ডন আপনার ব্যক্তিগত তথ্য সংরক্ষণ করবে। এই গবেষণা প্রকল্পের জন্য আমাদেরকে আপনার মেডিকেল রেকর্ডের তথ্য ব্যবহার করতে হবে।

এই তথ্যসমূহে আপনার গর্ভাবস্থা এবং সাধারণ স্বাস্থ্য সম্পর্কিত তথ্য অন্তর্ভুক্ত থাকবে। গবেষণাটি সঠিকভাবে পরিচালনা করা হচ্ছে কি না তা নিশ্চিত করতে এই তথ্যসমূহ ব্যক্তিবর্গ গবেষণা করতে বা আপনার রেকর্ড যাচাই করতে ব্যবহার করবে। আপনার সম্পর্কে সকল তথ্য আমরা নিরাপদ এবং সুরক্ষিত রাখব।

আইনগত ভিত্তি একটি বিশ্ববিদ্যালয় হিসেবে, স্বাস্থ্য, যত্ন এবং সেবাসমূহকে উন্নত করার জন্য গবেষণা পরিচালনা করতে ব্যক্তিগতভাবে-শনাক্তযোগ্য তথ্য আমরা ব্যবহার করি। সরকারি অর্থায়নে পরিচালিত একটি সংস্থা হিসেবে, গবেষণায় অংশগ্রহণ করতে সম্মত হয়েছে এমন ব্যক্তিদের ব্যক্তিগতভাবে-শনাক্তযোগ্য তথ্য যখন আমরা ব্যবহার করি তখন আমাদেরকে নিশ্চিত করতে হয় যে এটি জনস্বার্থে ব্যবহৃত হচ্ছে। এর অর্থ হচ্ছে আপনি যখন একটি গবেষণায় অংশগ্রহণ করতে সম্মত হন তখন গবেষণা পরিচালনা ও বিশ্লেষণের জন্য প্রয়োজনীয় পন্থায় আমরা আপনার তথ্য ব্যবহার করব। স্বাস্থ্য এবং সেবা গবেষণা জনস্বার্থে পরিচালনা করা উচিত, যার অর্থ হচ্ছে আমাদের গবেষণাটি সামগ্রিকভাবে সমাজের স্বার্থে ব্যবহার করা হচ্ছে তা আমাদেরকে উপস্থাপন করতে হবে। আমরা UK পলিসি ফ্রেমওয়ার্ক ফর হেলথ অ্যান্ড সোশ্যাল কেয়ার রিসার্চ অনুসরণ করে এটি করে থাকি।

আন্তর্জাতিকভাবে হস্তান্তর ইউরোপীয় অর্থনৈতিক অঞ্চলের বাইরের দেশগুলোতে (উদাহরণস্বরূপ, কোনো গবেষণামূলক অংশীদারের কাছে) তথ্য হস্তান্তর করার প্রয়োজন হতে পারে। যেহেতু এই তথ্যগুলোতে আপনার ব্যক্তিগত তথ্য রয়েছে তাই ইম্পেরিয়াল কলেজ লন্ডন নিশ্চিত করবে যে এগুলো তথ্য সুরক্ষা আইন অনুসারে হস্তান্তরিত হয়েছে। যদি তথ্য এমন কোনো দেশে হস্তান্তর করা হয় যা ইউরোপীয় কমিশন (EC)-এর তথ্য সুরক্ষা মানদণ্ডের ক্ষেত্রে পর্যাপ্ততা সিদ্ধান্তের অধীনে না থাকে তাহলে প্রাপক সংস্থার সাথে ইম্পেরিয়াল কলেজ লন্ডন একটি তথ্য বিনিময় চুক্তি সম্পাদন করবে যা EC অনুমোদিত আদর্শ চুক্তিভুক্ত ধারাগুলোকে অন্তর্ভুক্ত করে এবং যা আপনার ব্যক্তিগত তথ্য কীভাবে প্রক্রিয়াজাত করা হবে তা নিশ্চিত করে।

অন্যান্যদের সাথে আপনার তথ্য বিনিময় করা এই গোপনীয়তার বিজ্ঞপ্তিতে উল্লিখিত উদ্দেশ্য এবং উপরে বর্ণিত প্রক্রিয়াকরণের ভিত্তির উপর নির্ভর করে তৃতীয় পক্ষের সাথে আমরা আপনার ব্যক্তিগত তথ্য বিনিময় করব।

- ইম্পেরিয়াল কলেজের অন্যান্য কর্মচারী, এজেন্ট, ঠিকাদার এবং সেবাদানকারী (উদাহরণস্বরূপ, প্রিন্টিং এবং মেইলিং সেবা, ইমেইল যোগাযোগ সেবা বা ওয়েব সেবাসমূহের সরবরাহকারী বা উপরে বর্ণিত কোনো কার্যক্রম পরিচালনা করতে আমাদের সহায়তা করে এমন সরবরাহকারী)। আমাদের তৃতীয় পক্ষের সেবাদানকারীদেরকে আমাদের সাথে তথ্য প্রক্রিয়াকরণ চুক্তিতে অন্তর্ভুক্ত থাকতে হবে। শুধুমাত্র তাদের নির্দিষ্ট উদ্দেশ্য এবং আমাদের নীতিমালা অনুসারে আপনার ব্যক্তিগত ডেটা প্রক্রিয়া করার অনুমতি আমরা তাদেরকে দিয়ে থাকি।
- কার্ডিফ ইউনিভার্সিটি, এই গবেষণার জন্য ডাটাবেস পরিচালনা করছেন

সরকারিভাবে অর্থায়িত গবেষণা হিসেবে, এই গবেষণা থেকে প্রাপ্ত গোপনীয় তথ্য কোভিড-19 সম্পর্কিত অন্যান্য নৈতিকভাবে অনুমোদিত গবেষণাতে ভাগ করা হবে। আপনাকে শনাক্ত করা যাবে এমন তথ্য ভাগ করা হবে না।

আপনার তথ্য কীভাবে ব্যবহার করা হয় সে সম্পর্কে আপনার বিকল্প কী কী? c.lees @imperial.ac.uk ঠিকানায় ইমেইল প্রেরণ করে কোনো কারণ উল্লেখ ছাড়াই যেকোনো সময়ে আপনি এই গবেষণায় অংশগ্রহণ করা বন্ধ করতে পারবেন তবে আপনার সম্পর্কে ইতোমধ্যে সংগৃহীত তথ্যাবলী আমরা সংরক্ষণ করব।

- আপনি যদি গবেষণায় অংশগ্রহণ বন্ধ করার সিদ্ধান্ত নেন তাহলে আপনার হাসপাতাল থেকে আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য সংগ্রহ আমরা চালিয়ে যেতে চাই। যদি আপনি এরূপ না চান তাহলে আমাদেরকে জানান এবং আমরা তা বন্ধ করব।
- গবেষণাটি নির্ভরযোগ্য করার জন্য আমাদেরকে আপনার রেকর্ডগুলো নির্দিষ্ট পন্থায় নিয়ন্ত্রণ করতে হবে। এর অর্থ হচ্ছে আমাদের কাছে আপনার সম্পর্কিত সংরক্ষিত তথ্য আপনাকে দেখাতে বা পরিবর্তন করতে দিতে পারব না।

আপনার তথ্য কীভাবে ব্যবহৃত হয় সে সম্পর্কে আপনি আরও বিস্তারিত কোথায় জানতে পারেন আমরা কীভাবে আপনার তথ্য ব্যবহার করি সে সম্পর্কে আরও জানতে পারবেন

- এই ওয়েবসাইটে www.hra.nhs.uk/information-about-patients/
- গবেষণাকারী দলের কোনো একজনকে জিজ্ঞাসা করে
- Pan-covid@cardiff.ac.uk ঠিকানায় ইমেইল পাঠিয়ে

অভিযোগ আমরা কীভাবে আপনার ব্যক্তিগত তথ্য নিয়ন্ত্রণ করেছি সে সম্পর্কে যদি আপনি কোনো অভিযোগ জানাতে চান তাহলে অনুগ্রহ করে dpo@imperial.ac.uk ঠিকানায় ইম্পেরিয়াল কলেজ লন্ডনের তথ্য সুরক্ষা বিষয়ক কর্মকর্তাকে ইমেইল প্রেরণ করে, 020 7594 3502 নম্বরে ফোন করে এবং/বা Imperial College London, Data Protection Officer, Faculty Building Level 4, London SW7 2AZ ঠিকানায় ডাকের মাধ্যমে যোগাযোগ করুন। আপনি যদি আমাদের উত্তরে সন্তুষ্ট না হন বা মনে করেন যে আমরা আপনার ব্যক্তিগত ডেটা আইনসম্মতভাবে প্রক্রিয়াজাত করছি না তাহলে আপনি তথ্য কমিশনারের অফিস (ICO)-এ অভিযোগ দাখিল করতে পারেন। ICO পরামর্শ দেয় যে নিয়ন্ত্রককে জড়িত করার পূর্বে আপনি

কোভিড-19 চলাকালীন গর্ভাবস্থা ও নবজাতক-সংক্রান্ত ফলাফল: গর্ভাবস্থায় কোভিড-19 দ্বারা আক্রান্ত মহিলা এবং তাদের নবজাতকদের একটি গ্লোবাল রেজিস্ট্রি, চিকিৎসা এবং প্রতিরোধ সম্পর্কে নির্দেশনা দেওয়ার জন্য প্রাকৃতিক ইতিহাস অনুধাবন

প্রথমে তথ্য নিয়ন্ত্রকের (আমাদের) সাথে সমস্যাগুলো সমাধান করার চেষ্টা করুন। গবেষণা শেষ হওয়ার পর, আমরা কিছু তথ্য সংরক্ষণ করব যাতে আমরা ফলাফল যাচাই করতে পারি।

আমরা আমাদের প্রতিবেদনসমূহ এমনভাবে লিখব যে আপনি গবেষণায় অংশ নিয়েছেন তা কেউই বুঝতে পারবে না।